# হালুয়াঘাট উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মাহমুদুল হক সায়েম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ২৭/০৭/২০২১ খ্রিঃ, সময় ঃ ১১.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে নতুন বছরের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে হালুয়াঘাট উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং করোনা প্রতিরোধে সকলকে একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। অতপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সকলকে নতুন বছরের শুভেচ্ছা, স্বাগত ও ধন্যবাদ জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভাগীয় কার্যক্রমের উপর আলোচনা ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক. সভাপতির অনুমতিক্রমে ডাঃ মুনীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস থেকে বাঁচতে হলে সাবান দিয়ে মাস্ক ব্যবহার করা, হাত ধোতে হবে, হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা, হাঁচি কাঁশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা, সামাজিক দূরত্ব বজায় রেখে চলার বিষয়ে সভাকে অবহিত করেন। এ ছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br><br>খ. ডাঃ মুনীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও ২য় ঢেউয়ে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। করোনা এক ধরনের সংক্রামক ভাইরাস, করোনা ভাইরাস সাধারণত আক্রান্ত ব্যক্তির হাঁচি কাঁশির মাধ্যমে এবং আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে ছড়ায়। করোনা ভাইরাস থেকে বাঁচতে হলে ঘন ঘন সাবান দিয়ে ২০ সেকেন্ড হাত পরিস্কার করতে হবে, হাত না ধুয়ে চোখ ধরা যাবে না, মুখ ও নাক স্পর্শ না করা যাবে না, কারো সাথে দেখা হলে হাত মেলানো ও আলিঙ্গন করা হতে বিরত থাকতে হবে, গণপরিবহন ও গণজমায়েত এড়িয়ে চলতে হবে। হাঁচি কাঁশি দেয়ার সময় হাতকে কুনই দিয়ে মুখ ঢেকে রাখতে হবে।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় হালুয়াঘাট উপজেলার অধিকাংশ কমিউনিটি ক্লিনিক নির্দিষ্ট সময়ে খোলে না এবং প্রায় সময় বন্ধ থাকে এতে করে অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে মর্মে প্রায় সময় মানুষ বিভিন্ন অভিযোগ করছে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি কমিউনিটি ক্লিনিক নিয়মিত যাতে খোলা হয় এবং নিয়মিত কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১.উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২. কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>৪. কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সভায় বিস্তারিত আলোচনান্তে এখন হতে প্রতি মাসে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার ও সংশ্লিষ্ট সকল, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.২ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>ক. জনাব মাসুদুর রহমান, উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা কৃষি বিভাগ নিয়মিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে চলছে।<br><br>খ.উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট জানান যে, তৃণমুল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কৃষি সম্প্রসারণ অফিসের উপ-সহকারী কৃষি কর্মকর্তগণ কে কৃষকদের সেবা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে বসার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট এর দৃষ্টি আকর্ষণ করেন এবং উপজেলা কৃষি অফিসার কে এ বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ জানান। | ১.গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।<br>২.ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।<br>৩. সভাপতি এগ্রিমল/কৃষি পণ্যের ন্যার্য্য বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পর্যায়ে যেহেতু ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কৃষি পুনর্বাসন কমিটির সভাপতি সেহেতু বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে যাতে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট<br><br>২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা সকল।<br><br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা,হালুয়াঘাট। |
| ২.৩ | এলজিইডি ঃ<br>ক. জনাব শান্তনু ঘোষ সাগর, উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট সভায় জানান যে, গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া যায়। নিয়মের ব্যত্যয় ঘটিয়ে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর, সেচ নালা খনন করা দেশের প্রচলিত আইন অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। এ সংক্রান্ত কতিপয় আইন/বিধি-বিধান নিম্নরূপঃ<br>১। The Building Construction Act, 1952 ধারা অনুসারে উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কোন পুকুর খনন বা পুনঃখনন করা যাবে না।<br>২। যদি কেউ এমনভাবে পুকুর বা সেচনালা ইত্যাদি খনন করেন যার ফলে ভূমির বা সড়কের বা পথের ব্যবহার বা ভোগদখলের ক্ষেত্রে কোনরূপ অসংগত অসুবিধার সৃষ্টি করে তাহলে কর্তৃপক্ষ The Building Construction Act, 1952 এর ৩খ ধারার (৩) উপধারা অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ পালনে ব্যর্থ হন তাহলে উক্ত আইনের ১২ দিনের মধ্যে তা অপসারণ, খনন বা পুনঃখনন বন্ধ বা ভরাট করার আদেশ দিতে পারেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া এবং নিয়মের ব্যত্যয় ঘটিয়ে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর, সেচ নালা খনন করা দেশের প্রচলিত আইন অনুসারে শাস্তিযোগ্য অপরাধ বিধায় পরিপত্রের নির্দেশনা মেনে পুকুর বা সেচ নালা তৈরি করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br><br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>ক. জনাব মোহাম্মদ আলাল উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, আষাড় মাস শুরু হয়ে গেছে। রাস্তাঘাট মেরামতের কোন সুযোগ নেই। স্বেচ্ছাশ্রমের মাধ্যমে মেরামত কার্যক্রম পরিচালনা করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া আগামী মাসে ৭টি ব্রীজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে। দ্রুত সময়ের মধ্যে জি.আর তালিকা প্রদানের জন্য তিনি ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট ও সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসার, হালুয়াঘাট।<br>২। সকল ইউ.পি. চেয়ারম্যান |
| ২.৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>ক. উপজেলা প্রাণিসম্পদ অফিসার এর পক্ষে ডাঃ তারেক আহমেদ, ভেটেরিনারি সার্জন, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জুলাই/২০২১ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জুলাই/২০২১ মাসে ০৫টি ইউনিয়নে মোট ৪০০০টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে ২) পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লেগ রোগের মোট ২৫০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে ৩) গবাদি প্রাণির চিকিৎসা করা হয়েছে ২৮০৮টি ৪) হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে ২১৩১০টি ৫) ১২টি ইউনিয়নে মোট ১২৫ টি গাভী ও বকনা গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে।<br>খ. এছাড়াও তিনি আরও জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসে জরাজীর্ণ পুরাতন ২টি রয়েছে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বিধায় উক্ত ভবনগুলো জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণার নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট কে অনুরোধ জানান।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, যত্রতত্র গবাদি পশুর ঔষধ বিক্রি হচ্ছে এবং পল্লী চিকিৎসকগণের কোন লাইসেন্স নাই। তারা থার্ড জেনারেশনের এন্টিবায়োটিক ঔষধ প্রেশক্রিপশন করছেন। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভায় আহ্বান জানান। | ১) হাঁস/মুরগীর এভিয়েন ইনফ্লুয়েঞ্জা /বার্ডফ্লুতে আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবাপ্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।<br>২) গবাদি পশু ও হাঁস মুরগীর খাদ্য, ফিড মিল ও ঔষধের দোকানের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ অফিসে জরাজীর্ণ পুরাতন ২টি রয়েছে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বিধায় উক্ত ভবনগুলো জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণার নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে যাতে যত্রতত্র গবাদি পশুর ঔষধ বিক্রি করতে না পারে এ বিষয়ে নজরদারি বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ<br>ক. জনাব স্বপন কুমার সূত্রধর, উপজেলা শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস প্রাদুভার্বকালীন সময়ে স্কুল বন্ধ রয়েছে এবং অনলাইনের মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও স্কুলের শিক্ষক শিক্ষিকার মাধ্যমে ছাত্র-ছাত্রীর বাড়িতে গিয়ে বিস্কুট বিতরণ করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. করোনাকালীন সময়ে স্কুলের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মানষিক ভাবে চাঙ্গা করার লক্ষ্যে অনলাইন ক্লাশের উপর গুরুত্বারোপ করতে হবে।<br>২. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কমিটিকে নতুন করে আপডেট ও কার্যকর করা এবং নিয়মিত এর সভা অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষার সামাজিক বিষয়গুলোকে সর্বাদিক গুরুত্ব এবং নিয়মিত উপজেলা শিক্ষা কমিটির সভা আহ্বানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>৪। উপজেলা সহকারী শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>ক. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনুপস্থিতিতে জনাব সাইফুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস প্রাদুভার্বকালীন সময়ে স্কুল, কলেজ ও মাদ্রাসা বন্ধ রয়েছে এবং অনলাইনের মাধ্যমে পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে দেশব্যাপী শিক্ষাব্যবস্থা স্থবির হয়ে থাকলেও স্টেশনে উপস্থিত থেকে অনলাইনে স্কুল ভিত্তিক শিক্ষা কার্যক্রম সচল রাখার বিষয়ে ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান। | ১. করোনাকালীন সময়ে স্কুলের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মানষিক ভাবে চাঙ্গা করার লক্ষ্যে অনলাইন ক্লাশের পরিধি বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হালুয়াঘাট ও সংশ্লিষ্ট সকল।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.৮ | উপজেলা মৎস্য বিভাগঃ<br>জনাব মোহাম্মদ ফরিদুল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বর্তমান সময়ে মৎস্য চাষের সমস্যা চলছে। এ সময় মাছের খাবার কম দিতে হবে। মাছের অবাদ চলাচলে কখনও বাদা সৃষ্টি করা যাবে না। করোনাকালীন সময়ে মৎস্য খামারীদের বিভিন্ন পরামর্শ, চাষীদের পরামর্শ ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>খ. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা মৎস্য অফিসার হালুয়াঘাট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>ক. ডাঃ নূর মোহাম্মদ, উপজেলা, উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাট জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অত্র হালুয়াঘাট উপজেলায় জুলাই/২০২১ খ্রি. মাসে মাসিক অগ্রগতির প্রতিবেদন (CAR) রিপোর্ট অনুযায়ী ৬৭,৫৮৭ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫৩৬০৫ জন এবং হার ৭৮.০৮% জুলাই/২০২১ খ্রি. মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো ঃ (১) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষঃ ০ জন, (২) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলাঃ ০৮ জন, (৩) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা ঃ ০৫ জন (৪) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপারটি (I.U.D) গ্রহীতার সংখ্যাঃ ১৪ জন। তাছাড়া পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচী অনুযায়ী বাড়ী পরিদর্শন, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ চলছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মাঠ কার্যক্রম যথারীতি তদারকি, মাসিক মিটিং সম্পন্ন করছে। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সমন্বয়ে মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম এবং আর.ডি ক্লিনিকসমূহে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। বর্তমানে করোনা ভাইরাস ২য় ঢেউয়ের বৃদ্ধির আশংঙ্খায় পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য বিধি মেনে বার বার পানি দিয়ে হাত ধোয়া, নাক ও চোখ স্পর্শ থেকে বিরত থাকা, মাক্স ব্যতীত অফিসে প্রবেশ না করা এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মাঠে সেবা প্রদান করা। সর্দি জ্বরে আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ১ মিটার বা ৩ ফুট নিরাপদ দূরত্ব থাকা। পূর্বে পরিবার পরিকল্পনা বিভাগের প্রত্যেক ইউনিয়ন ভিত্তিক মাঠকর্মীর করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটি গঠন ও সাধারণ মানুষ কোভিড-১৯ রোগ সম্পর্কে সচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। | ১.জনসংখ্যা বৃদ্ধিরোধকল্পে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে প্রদত্ত সেবাগুলোর বিষয়ে গণমানুষকে ব্যাপকভাবে সুফল সম্পর্কে অবহিত করতে হবে যাতে করে তারা এ পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ হতে পারে।<br>২.মাঠ পর্যায়ে নিয়োজিত সেবা প্রদানকারীগণের কার্যক্রমের উপর সার্বক্ষণিক পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে।<br>৩.সরকারি লক্ষ্য মাত্রানুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান কার্যক্রম ব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১০ | <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ</u><br>জনাব গোলে জান্নাত সেতু, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর কার্যালয়ে ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের কার্যক্রম, বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক রোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত প্রভৃতি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে।<br>খ. তাছাড়া হালুয়াঘাট উপজেলায় বাল্য বিবাহের প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বাল্য বিবাহ প্রবণতা রোধ করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বাল্য বিবাহ নিরুসাহিত করার জন্য আমাদের নিজ নিজ অবস্থান থেকে একটি বলয় তৈরি করতে হবে এবং জনগণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধারণা দিতে হবে। | ১. নারী নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধকল্পে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. মহিলা বিষয়ক দপ্তর হতে প্রদত্ত সেবাগুলো যাতে প্রকৃত উপকারভোগীগণ পান এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। সেবাপ্রার্থী বিভিন্ন লোকজনকে তাঁর দপ্তর হতে প্রদানকৃত সেবাগুলোর বিষয়ে যথাযথভাবে অবহিতকরণ কাজ অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, সকল ইউ.পি., হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১১ | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ</u><br>ক. জনাব গোলাম মোস্তফা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে এগিয়ে চলছে। তাঁর দপ্তর থেকে মোট ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য ২,৫৫,৭৬,৪৭০/- টাকার মধ্যে এ যাবৎ আদায়কৃত টাকার পরিমান ২,৩১,২৩,৯৫৭/- টাকা। আদায়ের শতকরা হার ৯৩.০০% ভাগ। মোট খেলাপী ঋণের পরিমান ১৯,৮১,০১৪/- টাকা এবং বর্তমান মাসে খেলাপী আদায়-১২,০০০/- ঋণীর সংখা-৮০৫ জন। প্রাতিষ্ঠানিকঃ পুরুষ-৪৭১, মহিলা-৬৫, মোট ৫৩৬ জন। কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান প্রশিক্ষণ : পুরুষ-৪৭১ জন, মহিলা-৬৫ জন মোট-৫৩৬ জন। এছাড়ও আত্মকর্মী ঃ পুরুষ-২৩৪৮ জন, মহিলা ২০২৮ জন। কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান প্রকল্পের আত্মকর্মী ঃ পুরুষ-৭৫ জন, মহিলা ১২৯ জন মোট ২০৪ জন। এ উপজেলায় তালিকাভূক্ত যুব সংগঠনের সংখ্যা ৩২টি, তন্মধ্যে অনুদান প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা ২১টি। নেটওয়ার্কিং এ প্রশিক্ষণ দেয়া হয়েছে (কম্পিউটার) ৪৪ জন।<br>খ. ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস বাবদ ঋণ বরাদ্দ-২৪,১৭,২৮৫/- টাকা এবং বায়োগ্যাস প্লান্ট-২১৪টি, ভূর্তুকি ব্যয়-৯,১০,০০০/- টাকা এবং ঋণ বিতরণ করা হয়েছে ৩৪,৪০,০০০/- টাকা এবং ঋণ গ্রহণকারীর সংখ্যা-৬১ জন (পুরুষ-৫৪, মহিলা-০৭ জন)<br>গ. তিনি আরও জানান যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় ২৪২৩ জনকে প্রশিক্ষণ শেষে বিভিন্ন দপ্তরে সংযুক্তি প্রদান করার পর এ পর্যন্ত প্রত্যয়ন পত্র পাওয়ার সাপেক্ষে মাসিক ৬,০০০/- টাকা করে মে/২০ পর্যন্ত কল্যাণ অনুদান বিল প্রদান করা হয়েছে। ১ম ব্যাচের ৯৬৬ জন, ২য় ব্যাচের ৯৪১ জন ও ৩য় ব্যাচের ৫১৪ জন সর্বমোট ২,৪২১ জনকে সংযুক্তি সমাপ্ত হয়েছে এবং ১ম, ২য় ও ৩য় ব্যাচের এককালীন জমাকৃত সঞ্চয় ফেরত দেওয়া হয়েছে। | ১. আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রমসহ গৃহীত অন্যান্য সকল কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।<br>২. ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br>৩. ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪. যুব দিবসের ব্যয় নির্বাহের উপজেলা পরিষদ হতে সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সভায় বিস্তারিত আলোচনান্তে হালুয়াঘাট উপজেলায় যুব প্রশিক্ষণ সেন্টার নির্মাণের জন্য ৫০ শতাংশ জমি একুয়ারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান<br>৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১২ | <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ</u><br>ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট তার দপ্তরের বাস্তবায়নাধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দপ্তরে বর্তমানে ৯টি প্রকল্প চলমান রয়েছে। তন্মধ্যে ১৫৬টি গভীর নলকূপ আছে। সচল রয়েছে ৯২টি। অবশিষ্ট মেশিনগুলো মেরামতের সুপারিশ করা হয়েছে। ৯টি প্রকল্পে মোট ঋণ প্রদান ২০ কোটি ৯৯ লক্ষ টাকা। মোট ঋণ আদায় হয়েছে ১৮ কোটি ৭০ লক্ষ টাকা। মাঠে বকেয়া আছে ২ কোটি ২৯ লক্ষ টাকা। আদায়ের গড় হার ৮৯%। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে মাঠ পর্যায়ে সামান্য সমস্যা দেখাছে। সকলের সনম্বিত সহযোগিতার মাধ্যমে তা উত্তরণ সম্ভব। উল্লেখ্য যে, ব্যাংক ঋণ, নিজস্ব তহবিল এবং মহিলা উন্নয়ন অনুবিভাগ প্রকল্প হতে প্রদানকৃত ঋণ বিতরণ ও আদায় ১০০% অর্জিত হয়েছে। অপ্রধান শস্য প্রকল্পের আওতায় নতুন করে ৯৪ জন কৃষক কৃষাণীকে ১৪ লক্ষ ১৬ হাজার টাকা ঋণ বিতরণ ও বিভিন্ন কাজের বীজের সুবিধা প্রদান করা হয়েছে।<br>১। শষ্য ঋণ- প্রাপ্ত তহবিল-১৫৬.২৫, আদায়-১৪৬.২০, খেলাপি-১০.০৫<br>২। মেয়াদী ঋণ গভীর নলকূপ- প্রাপ্ত তহবিল-১৯১.৬৬, আদায়-১৯১.৬৬, খেলাপি-৭.১২<br>৩। আবর্তক কৃষি ঋণ- প্রাপ্ত তহবিল-১৯.০৯ আদায়-২০৮.৯২ খেলাপি-৫.৪০<br>৪। সমম্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি- প্রাপ্ত তহবিল-৬০.০০ আদায়-৩৫৫.৬০, খেলাপি-৫৮.২৪<br>৫। পল্লী প্রগতি প্রকল্প- প্রাপ্ত তহবিল-২৫.৪৪ আদায়-৯২.০৩, খেলাপি-২০.৬০<br>৬। বীর মুক্তিযোদ্ধা প্রকল্প - প্রাপ্ত তহবিল-৮.৬২ , আদায়-১২.২১<br>৭। গুচ্ছগ্রাম-প্রাপ্ত তহবিল-৪.০০, আদায়-১.৪৭, খেলাপি-২.৮৭<br>৮। মহিলা উন্নয়ন অনুবিভাগ- প্রাপ্ত তহবিল-৯৭০.৬৯, আদায়-৯১১.৩৯ | ১। বিআরডিবি বিভাগের সমিতিভুক্ত সদস্যদেরকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতার কুফল সম্পর্কে সচেতনতামূল আলোচনা অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে।<br>৩। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট। |
| ২.১৩ | <u>উপজেলা সমাজসেবা বিভাগ ঃ</u><br>ক. জনাব মোঃ আব্দুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট জানান যে, তাঁর দপ্তর হতে বয়স্কভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা, মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা ও প্রতিবন্ধী ছাত্র/ ছাত্রীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তবে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগে ১১২ টি উপজেলাকে শতভাগ বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের ভাতার আওতায় আনা হচ্ছে। শর্ত অনুয়ায়ী বয়স্ক ভাতার জন্য পুরুষের ৬৫+ ও মহিলাদের ৬২+ বয়স হতে হবে। বিধবা ও স্বামী পরিত্যক্তাগণের ১৮+ বয়স হতে হবে। ভাতা পাওয়ার জন্য প্রত্যককেই অনলাইনে আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে। | ১. সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করতে হবে।<br>২. মাঠ পর্যায়ে কর্মরত মাঠকর্মীদের কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সকল), হালুয়াঘাট। |
| ২.১৪ | <u>উপজেলা সমবায় বিভাগ :</u><br>ক. জনাব মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে এগিয়ে চলছে। সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত "গারো সম্প্রদায়ের জীবন যাত্রার উন্নয়ন প্রকল্পে" ১০টি সমবায় সমিতির ৪০০ জন উপকারভোগীকে ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা ঋণ প্রদান করা করে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ২৯১৮০০০০/- টাকা দাদন করে আসল ২১২৩৮৫২০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়াও আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধনী) প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন কম্পোনেন্ট। অত্র কার্যালয়ে বাস্তবায়িত হচ্ছে মোট ৫টি সমবায় সমিতি গঠন করে শেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন গঠন করা হচ্ছে এবং সরকারি অনুদান (প্রকল্প হতে) ২৬২৭৩০০/- টাকা পাওয়া গিয়াছে এবং ২০৯ জন সদস্যদের ঋণ হিসাবে ইতিমধ্যে তা বিতরণ করা হয়েছে এবং ১০১ জনকে আবর্তক তহবিল হতে ২০২০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায় অব্যাহত রয়েছে।<br>আমতৈল আশ্রয়ণ- (ফেইজ-২) প্রকল্পে ৩৭ জনস উপকারভোগীকে ২৯৬০০০/- টাকা বিভিন্ন ট্রেডে প্রদান করা হয়েছে। প্রকল্পে ৩ জন সদস্য মৃত্যুবরণ করেছেন এবং ০৯ জন সদস্য পলাতক রয়েছে। ঋণ খেলাপী ৯ জনকে ঋণ ফেরত প্রদানের চূড়ান্ত নোটিশ জারি করা হয়েছে। পলাতক ৯ জন সদস্যের নিকট ঋণ পাওনা ২৮৭৮০/- টাকা ৩ জন মৃত সদস্যের নিকট ঋণ পাওনা ৮,৯৬০/- টাকা এবং মৃত সদস্যদের ঋণ মওকুফের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সমবায় বিভাগ হতে এ অঞ্চলের গণমানুষকে সেবা প্রদানের কাজ অব্যাহত রাখতে হবে।<br>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করতে হবে।<br>আমতৈল আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের উপকারভোগীদের আরও নিবিড় ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ঃ<br>ক. জনাব মেহেদী হাসান, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় হালুয়াঘাট উপজেলায় ৩১২ টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৬, ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া) মহোদয়ের সুপারিশ মোতাবেক ১৫৬ টি এবং উপজেলা ওয়াটসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক অবশিষ্ট ১৫৬টি নলকূপ বরাদ্দ পাওয়া যায় বলে তিনি সভাকে অবহিত করেন এবং উক্ত টিউবওয়েল খনন প্রক্রিয়া চলমান রয়েছে এবং ধারা বাজারে নির্মিত কমিউনিটি টয়লেটটি তদারকি করার জন্য তিনি ইউ.পি. চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১। গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন করতে হবে।<br>২। নীতিমালার আলোকে পল্লী অঞ্চলের জনগণের চাহিদা সঠিকভাবে যাচাই করে পানির উৎস স্থাপন করার জন্য অনুরোধ করা হলো।<br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে কমিউনিটি টয়লেটে অসম্পন্ন কাজগুলো সঠিক ভাবে ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট। |
| ২.১৬ | ফায়ার সার্ভিসঃ<br>জনাব মোঃ শাহজাহান মিয়া, ফায়ার ফাইটার, হালুয়াঘাট সভায় জানান যে, ফায়ার সার্ভিস অফিসের জন্য উপজেলা পরিষদ হতে ইবাদত খানা তৈরির জন্য ১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করায় তিনি ফায়ার সার্ভিস, হালুয়াঘাট এর পক্ষ হতে সকলকে ধন্যবাদ জানান। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আন্তরিকতার সাথে সকল কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ হলো। | ১। স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, হালুয়াঘাট। |
| ২.১৭ | হালুয়াঘাট পৌরসভা ঃ<br>জনাব খায়রুল আলম ভূঞা, মেয়র, হালুয়াঘাট পৌরসভা সভায় জানান যে, হালুয়াঘাট পৌরসভাস্থিত বিভিন্ন ড্রেইন এবং রাস্তার পাশে ময়লা আবর্জনা পরিস্কারের কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। এছাড়াও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। পৌর এলাকায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে বাজারের প্রধান প্রধান রাস্তা বা মোড়ে পৌরসভার নিজস্ব অর্থায়নে সিসি ক্যামেরা স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে যা তদারকি করবেন অফিসার ইনচার্জ, হালুয়াঘাট থানা। এছাড়াও পৌর এলাকার ৯টি ওয়ার্ডে সড়ক বাতি লাগানোর কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মেয়র, হালুয়াঘাট পৌরসভার প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট। |
| ২.১৮ | উপজেলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ক. জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় প্রধান (সকল)<br>২। উপজেলা ভাইস চেয়ারম্যান। |
| ২.১৯ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ<br>জনাব ঝর্না ঘোষ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় প্রধান সকল<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| ২.২০ | ভূবনকুড়া ইউ.পি. ঃ জনাব মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, তেলিখালী কমিউনিটি ক্লিনিক থেকে কোন কার্যক্রম না হওয়ায় অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা থেকে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছে। তিনি তেলিখালী কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপি যাতে নিয়মিত বসে এ ব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। বিভিন্ন সরকারি দপ্তর জনপ্রতিনিধিদের অনেক বিষয় অবহিত করেন না। বিশেষ করে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের মাধ্যমে ১০০ টি গরু বিতরণ করা হয়েছে কিন্তু এ বিষয়ে ইউ.পি. চেয়ারম্যানদের অবহিত করা হয় নি। ভবিষ্যতে জনপ্রতিনিধিতের অবহিত করণের মাধ্যমে তালিকা প্রণয়নের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে তেলিখালী ক্লিনিক নিয়মিত খোলাসহ নিয়মিত সিএইচসিপি বসে যাতে সাধারণ মানুষদের স্বাস্থ্য সেবা এ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, ভূবনকুড়া ইউ.পি. |
| ২.২১ | জুগলী ইউ.পি. ঃ<br>জনাব মোঃ কামরুল হাসান, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, জুগলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে যাচ্ছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া হালুয়াঘাট টু কালাপাগলা রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে বিধায় ভিত্তিতে উক্ত রাস্তাটি সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, জুগলী ইউনিয়নের প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, জুগলী ইউ.পি. |
| ২.২২ | কৈচাপুর ইউ.পি. ঃ<br>জনাব জাহিদ আহমেদ সারোয়ার জাহান, চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় অব্যাহত রেখে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ ও বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, কৈচাপুর ইউ.পি. |
| ২.২৩ | হালুয়াঘাট ইউ.পি. ঃ<br>জনাব মোঃ ইকরামুল হাসান খসরু, প্যানেল চেয়ারম্যান, ৪ নং হালুয়াঘাট ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় অব্যাহত রেখে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ ও বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, হালুয়াঘাট ইউ.পি. |
| ২.২৪ | গাজিরভিটা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ দেলোয়ার হোসেন, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, গাজিরভিটা ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক নিয়মিত না খোলায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যান কেন্দ্রের পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ শাখাওয়াত হোসেন আকন্দ নিয়মিত মদ এবং হিরোইন খেয়ে অফিসে পড়ে থাকে ফিল্ডে ঠিকমত যায়না বিধায় এ ধরনের স্টাফদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় অব্যাহত রেখে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ ও বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম চালিয়ে যাচ্ছি। এ ছাড়াও জরুরি ভিত্তিতে বোরাঘাট নদীর বেড়িবাঁধ ভাঙ্গনরোধকল্পে পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, গাজিরভিটা ইউ.পি. |
| ২.২৫ | বিলডোরা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, চেয়ারম্যান, ৬ নং বিলডোরা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমে টাইলস না থাকায় জরুরি ভিত্তিতে ২টি রুমে টাইলস করণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমে টাইলস করণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, বিলডোরা ইউ.পি. |

(স্বাঃ)

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২৬ | শাকুয়াই ইউ.পি. ঃ<br>জনাব মোঃ নাজিম উদ্দিন, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, শাকুয়াই ইউনিয়নের কিছু দরিদ্র মানুষ টাকার অভাবে পল্লী বিদ্যুতের মিটার সংযোগ নিতে পারছে না বিধায় সরকারি ভাবে ওয়ারিং সম্পন্ন করে মিটার স্থাপন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে শাকুয়াই বাজারে ভাট্রা উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নিয়মিত বসা এবং কেন্দ্রটি নিয়মিত খোলা ডাক্তাদের বসা নিশ্চিন্তকরণ করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, শাকুয়াই ইউ.পি. |
| ২.২৭ | ধারা ইউ.পি. ঃ<br>জনাব তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় অব্যাহত রেখে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ ও বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম করে যাচ্ছে। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, ধারা ইউ.পি.<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.২৮ | ধুরাইল ইউ.পি. ঃ জনাব ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, গত ২৪ জানুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ পাবিয়াজুরী স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ শাহজাদ সারোয়ার কর্তৃক উক্ত বিদ্যালয়ে বই বিতরণে শিক্ষার্থীদের নিকট হতে টাকা সংগ্রহ করায় তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ধুরাইল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. |
| ২.২৯ | আমতৈল ইউ.পি. ঃ<br>ক. জনাব মোঃ শফিকুর রহমান শফিক, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে প্রদানকৃত ভাতা সমূহ বিতরণের সুনিশ্চিত করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. |
| ২.৩০ | স্বদেশী ইউ.পি. ঃ<br>জনাব আবু নাসের সরকার, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), স্বদেশী ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আমাদের পাশ কাটিয়ে বিভিন্ন কার্যক্রম যথাক্রমে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ক্যাম্পেইন এ ক্যাম্পেইনটি ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত হয়নি। তাছাড়া স্বদেশী ইউনিয়নের অন্তর্গত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত কর্মকর্তা-কর্মচারী কেউ না বসায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা বঞ্চিত হচ্ছে বলে তিনি বসাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পর্যায়ে ক্যাম্পেইন সমূহ নীতিমালা অনুযায়ী যাতে অনুষ্ঠিত হয় সে লক্ষ্যে এবং ইউনিয়ন পর্যায়ে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত না হওয়ায় উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), স্বদেশী ইউ.পি. |

পরিশেষে সভাপতি করোনাকালীন সময়ে এ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ডে মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণের পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে হালুয়াঘাট উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.07.2021

(মাহমুদুল হক সায়েম)
সভাপতি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০১.০৬.০০১.২০-৭৪ তারিখঃ ২৭ জুলাই, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জনাব জুয়েল আরেং, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৬, ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৭। সিভিল সার্জন, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৯। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১১। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে ঃ

১। উপজেলা.....................................................অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান,..................................................ইউনিয়ন পরিষদ (সকল), হালুয়াঘাট।
৩। জনাব..........................................................................সদস্য, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। অফিস কপি।

29-07-2021

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।

## অদ্য ২৭ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ হালুয়াঘাট উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্র:নং | বিভাগীয় কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর | ক্র:ন | জনপ্রতিনিধির নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মোহাম্মদ ফরিদুল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট। | স্বাক্ষরিত/- | ০১. | জনাব ঝর্না ঘোষ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট | স্বাক্ষরিত/- |
| ০২. | ডাঃ নূর মোহাম্মদ, উপজেলা পঃপঃ অফিসার (ভাঃ), হালুয়াঘাট | " | ০২. | " শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, হালুয়াঘাট | " |
| ০৩. | ডাঃ মুনীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৩. | " মোঃ কামরুল হাসান, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউ.পি., হালুয়াঘাট | " |
| ০৪. | জনাব মোহাম্মদ আলাল উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৪. | " মোঃ জাহাঙ্গীর হোসেন, চেয়ারম্যান, ৬ নং বিলডোরা ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ০৫. | ডাঃ তারেক আহমেদ, ভেটিরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ অফিস, হালুয়াঘাট | " | ০৫. | " মোঃ দেলোয়ার হোসেন, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ০৬. | " মোঃ আব্দুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট, । | " | ০৬. | " মোঃ সাইফুল ইসলাম, চেয়ারম্যান, নড়াইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ০৭. | " গোলাম মোস্তফা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৭. | " মোঃ শফিকুর রহমান, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট | " |
| ০৮. | " মোহাম্মদ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট। | " | ০৮. | " মোঃ নাজিম উদ্দিন, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউ.পি. | " |
| ০৯. | জনাব মোঃ দেলোয়ার হোসেন খান, ডিজিএম, হালুয়াঘাট জোনাল অফিস, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হালুয়াঘাট ময়মনসিংহ। | " | ০৯. | " মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভুবনকুড়া ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ। | " |
| ১০. | " স্বপন কুমার সূত্রধর, উপজেলা শিক্ষা অফিসার, হালুয়াঘাট | " | ১০. | " মোঃ জিহাদ সিদ্দিকী (ইরাদ), চেয়ারম্যান, ১২ নং স্বদেশী ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ১১. | " গোলে জান্নাত সেতু, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট | " | ১১. | " জাহিদ আহমেদ সারোয়ার জাহান, চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ১২. | " শান্তনু ঘোষ সাগর, উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট | " | ১২. | " আয়েশা আক্তার, সংরক্ষিত আসনের সদস্য | " |
| ১৩. | " মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট | " | ১৩. | " মোছাঃ তাসলিমা বেগম, সংরক্ষিত আসনের সদস্য | " |
| | | | ১৪. | মোছাঃ হাসনা বেগম, সংরক্ষিত আসনের সদস্য | " |